কালের কণ্ঠ

তারিখ ..07.DEC.2016.....
পৃষ্ঠা ..১৯.. কলাম ....৩.....

ইসলামী বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র থেকে ১৯ প্রশ্ন উধাও

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের (স্নাতক) ভর্তি পরীক্ষায় 'ডি' ইউনিটের অনেকগুলো প্রশ্নপত্রে ১৯টি প্রশ্ন ছিল না। এতে বিড়ম্বনার শিকার হয় ভর্তীচ্ছু শিক্ষার্থীরা। পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফটোকপি করে প্রশ্নপত্রের বাকি অংশ সরবরাহ করে। গতকাল মঙ্গলবার বিকেল ৫টায় চতুর্থ শিফটের প্রশ্নপত্রে এ ঘটনা ঘটে। এ ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

গতকাল বিকেলে ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা হয়। ওই ইউনিটের 'খ' সেটের প্রশ্নপত্রে ১৯টি প্রশ্ন ছিল না। প্রশ্নগুলোর মধ্যে ১০টি ছিল ইংরেজিবিষয়ক। আর ৯টি রসায়নভিত্তিক।

এই ১৯টির বিপরীতে রসায়নের প্রশ্নের পুনরাবৃত্তি ছিল। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রশ্নপত্রের বাকি অংশ ফটোকপি করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করে। ভুক্তভোগী শিক্ষার্থীদের অতিরিক্ত সময় দেওয়া হয়েছিল বলে জানা গেছে। তবে কেউ কেউ তা অস্বীকার করেছে।